দৈনিক সংবাদ

তারিখ ... ... ... APR 02 2000
পৃষ্ঠা ... কলাম ...

### তিন দিন ধরে ভাঙচুর বোমাবাজি ঃ আহত ১০

# মুন্সিগঞ্জে স্কুল ম্যানেজিং কমিটির নির্বাচনকে কেন্দ্র করে সংঘর্ষ

মুন্সিগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা ঃ মুন্সিগঞ্জ সদর থানার মহাকালী উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনে জাল ভোট দানকে কেন্দ্র করে দুই প্যানেল সমর্থকদের মধ্যে ৩ দিন যাবৎ সংঘর্ষ, ভাঙচুর, বোমাবাজি অব্যাহত আছে। এপর্যন্ত সংঘর্ষে কমপক্ষে ১০ জন আহত হয়েছে।

সূত্র জানায়, গত ২৯শে মার্চ নির্বাচন চলাকালে এক মহিলার জাল ভোটকে কেন্দ্র করে শাহজাহান হালদার ও আবুল বাসার প্যানেল সমর্থিতদের মধ্যে ব্যাপক ধাওয়া পাল্টা ধাওয়া বোমাবাজির ঘটনা ঘটে। ওই সময় বোমা ছুড়তে গিয়ে শাহজাহান প্যানেল সমর্থক আক্তার (২০) গুরুতর আহত হয়। আহত আক্তারকে ঢাকায় পাঠানো হয়।

মহাকালী ইউনিয়নের চেয়ারম্যান রিয়াজুল ইসলাম বিরাজ আবুল বাসার প্যানেলকে সমর্থন দিলে পরিস্থিতির অবনতি ঘটে। সূত্র জানায়, মুন্সিগঞ্জ সদর থেকে সরকার সমর্থিত ক্যাডার গ্রুপ ঘটনাস্থলে গেলে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়।

৩০শে মার্চ শাহজাহান হালদারের নেতৃত্বে বাসার সমর্থিত শামসুল আলমের বাড়ি সাতানিখিলে হামলা, ভাঙচুর, করে বলে প্রত্যক্ষদর্শী জানায়।

তারই জের ধরে পরের দিন ৩১শে মার্চ সকাল ৯টায় প্রতিপক্ষ গ্রুপ আবদুস সামাদের বাড়িতে হামলা চালায়। এবং তার পরপরই ওই সন্ত্রাসী গ্রুপ সামাদের বাগেশ্বর বাজারের ২টি দোকানে হামলা করে ক্যাশবাক্স লুটে নেয়।

বর্তমানে ওই এলাকায় থেমে থেমে সংঘর্ষ অব্যাহত আছে। পুলিশ এবং এলাকার গণ্যমান্য লোক পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পারছে না। এপর্যন্ত নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়নি।